

জাতীয় প্রশিক্ষণ দিবস - ২০২২ পালন



জাতীয় প্রশিক্ষণ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম. এ. মান্নান

গত ২৩ জানুয়ারী ২০২২ তারিখে বিএসটিডি'র ২৬তম জাতীয় প্রশিক্ষণ দিবস, ৪১তম প্রতিষ্ঠা বাষিকী উদযাপন এবং বিএসটিডি'র প্রশিক্ষণ পুরস্কার অনুষ্ঠান ফ্লোরিডা রেস্টুরেন্ট, গুলশান - ২, ঢাকায় সন্ধ্যা ৭:০০মি: বৈশ্বিক মহামারী করোনার (কোভিড-১৯) ব্যাপকতা এবং সরকারী নির্দেশাবলীর আলোকে স্বাস্থ্য বিধি মেনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সাবেক সিএসপি ও বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতির প্রেসিডেন্ট জনাব এম জানিবুল হক। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম.এ. মান্নান এমপি। পবিত্র কুরআন তিলাওয়াত করেন বিএসটিডি'র নির্বাহী কর্মকর্তা জনাব মুহাম্মদ জিল্লুর রহমান। অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন বিএসটিডি'র নির্বাহী কমিটির সদস্য বেগম নুরুন নেসা বেগম। সভাপতির বক্তবে বিএসটিডি'র সম্মানিত প্রেসিডেন্ট জনাব এম জানিবুল হক অনুষ্ঠানের প্রধান অতিথিসহ উপস্থিত সকল সদস্য ও সুধীজনকে স্বাগত জানান। তিনি বলেন, আজ ২৩ জানুয়ারী ২০২২, জাতীয় প্রশিক্ষণ দিবস। এ দিনেই ২৩ জানুয়ারী ১৯৮০ সালে বিএসটিডি দেশের প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও প্রশিক্ষকদের শীর্ষ প্রফেশনাল সংস্থা হিসেবে আত্ম প্রকাশ করে। তিনি বলেন জাতীয় প্রশিক্ষণ দিবস উপলক্ষে এ বছর জাতীয় "দৈনিক সমকাল" প্রতিকায় ক্রোড়পত্র প্রকাশিত হয়েছে, যাতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী রয়েছে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম. এ. মান্নান উপস্থিত থাকায় প্রশিক্ষণ দিবসের আজকের অনুষ্ঠানের ভাবমর্যাদা বহুগুণে বৃদ্ধি পেয়েছে। সভাপতি মহোদয় বলেন, প্রশিক্ষণ দিবসের অনুষ্ঠানে প্রশিক্ষণ সেক্টর ও মানব সম্পদ উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ বিএসটিডি'র সাবেক সভাপতি ও গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব ড. শেখ মাকসুদ আলী এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর, বিএসটিডি'র সাবেক মহাসচিব ও আজীবন সদস্য মরহুম খোন্দকার ইব্রাহিম খালেদকে "বিএসটিডি'র প্রশিক্ষণ পুরস্কার-২০২১ (মরনোত্তর)" ও সনদপত্র প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ পুরস্কার প্রদানের পূর্বে মরহুম ড. শেখ মাকসুদ আলী এবং মরহুম খোন্দকার ইব্রাহিম খালেদ এর সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরেন বিএসটিডি'র মহাসচিব জনাব এম খায়রুল কবীর। মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম. এ. মান্নান এবং বিএসটিডি'র সভাপতি জনাব এম জানিবুল হক প্রশিক্ষণ পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন। পুরস্কার হিসেবে প্রত্যেককে একটি করে ক্রেস্ট ও একটি সনদপত্র দেয়া হয়। মরহুম ড. শেখ মাকসুদ আলীর পক্ষে প্রশিক্ষণ পুরস্কার গ্রহণ করেন তাঁর কন্যা জনাব তাহমিনা আহমেদ। পুরস্কার গ্রহণপূর্বক জনাব তাহমিনা আহমেদ তাঁর অনুভূতি প্রকাশ করেন।

প্রশিক্ষণ পুরস্কার গ্রহণ করছেন জনাব তাহমিনা আহমেদ



প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম.এ. মান্নান তাঁর বক্তব্যের শুরুতেই আজকের এই বর্ণাঢ্য ও আকর্ষণীয় জাতীয় প্রশিক্ষণ দিবসের অনুষ্ঠানে দাওয়াত দেয়ায় তিনি বিএসটিডি'র সভাপতি জনাব এম জানিবুল হক এবং বিএসটিডি'র সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বিএসটিডি প্রতিবছরই জাতীয় প্রশিক্ষণ দিবস পালন এবং এ উপলক্ষে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করে থাকেন। যা প্রশংসনীয় উদ্যোগ বলে আমি মনে করি। বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি) প্রশিক্ষণ সেক্টরের উন্নয়নে বিভিন্নমুখী সেবামুখী কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। তিনি আরো বলেন, প্রশিক্ষণ ও পেশাগত কার্যাবলীর মাধ্যমে সমিতির সদস্য ও সরকারী বেসরকারী প্রশিক্ষক/প্রশিক্ষণ ব্যবস্থাপকদের দক্ষতা বৃদ্ধিকরণ ও প্রশিক্ষণ সেক্টরের উৎকর্ষ সাধনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এছাড়া প্রশিক্ষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার, সম্মেলন ও কর্মশালার আয়োজনসহ বছরব্যাপী বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে থাকে। অন্যদিকে বিএসটিডি কর্তৃক নিয়মিত প্রশিক্ষণ জার্নাল প্রকাশসহ দক্ষ মানব সম্পদ তৈরিতে 'Protocol Formalities and Articulation' 'Preparation of Reports and Write-ups' 'Advance Training of Trainers (ATOT)' বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে যাচ্ছে। তিনি বিএসটিডি'র সামগ্রিক কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করেন এবং এ সকল প্রশিক্ষণ দক্ষ মানব সম্পদ সৃষ্টিতে সহায়ক হবে বলে অভিমত ব্যক্ত করেন। তিনি অত্যন্ত খোলামনে দীর্ঘ কর্মজীবনের অভিজ্ঞতা শেয়ার করেন। বিএসটিডি কর্তৃক প্রশিক্ষণ পুরস্কার প্রদান করায় এবং আজকের অনুষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণ সেক্টরের পথিকৃৎ দুইজন বিশিষ্ট ব্যক্তি মরহুম ড. শেখ মাকসুদ আলী এবং মরহুম খোন্দকার ইব্রাহিম খালেদকে (মরনোত্তর) প্রশিক্ষণ পুরস্কার প্রদানের জন্য মনোনীত করায় বিএসটিডি'র সভাপতি জনাব এম জানিবুল হককে ধন্যবাদ দেন এবং মরহুম ড. শেখ মাকসুদ আলী ও মরহুম খোন্দকার ইব্রাহিম খালেদ এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বিএসটিডি'র উন্নয়নে তাঁর পক্ষ থেকে সব ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

অতপর সমিতির মহাসচিব জনাব এম খায়রুল কবীর অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম. এ. মান্নান এবং সভাপতি জনাব এম জানিবুল হকসহ অনুষ্ঠানে উপস্থিত সকলকে ধন্যবাদ দেন। নৈশ ভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।